গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
স্থানীয় সরকার শাখা
রাজবাড়ী
www.rajbari.gov.bd

নম্বর- ৪৬.০০.৮২০০.০১৮.০০২.০৭.২৩. ১৯৬(২০০)

তারিখ: ২৬ চৈত্র ১৪২৯ / ০৯ এপ্রিল ২০২৩

# দরপত্র বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ অর্থবছরে রাজবাড়ী জেলায় বিভিন্ন ইউনিয়ন পরিষদে কর্মরত ৩৮৯ জন গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার) এর অনুকূলে নিম্নবর্ণিত পোশাক/সরঞ্জামাদি পিপিআর, ২০০৮ অনুযায়ী ও নিম্নলিখিত শর্তানুযায়ী সরবরাহ করার লক্ষ্যে অভিজ্ঞতাসম্পন্ন প্রকৃত সরবরাহকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে সিলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে-

**তফসিল-"ক"**

| ক্রমিক | বিবরণ | বিস্তারিত তথ্য |
|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়/বিভাগ | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় |
| ০২ | দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান | জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী |
| ০৩ | সংগ্রাহক সত্তার নাম | জেলা প্রশাসক, রাজবাড়ী |
| ০৪ | কাজের বিবরণ | রাজবাড়ী জেলায় "২০২২-২৩ অর্থবছরে ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশদের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ" |
| ০৫ | দরপত্র আহ্বানের সূত্র | স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা এর ০৭.১১.২০২২ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭ (অংশ-২)-৭০৫ নং পত্র |
| ০৬ | সরবরাহকারী /ঠিকাদারের যোগ্যতা ও প্রয়োজনীয় শর্তাবলি | বিস্তারিত দরপত্র সিডিউলে বর্ণিত (www.rajbari.gov.bd) ওয়েবসাইটে দেখা যাবে |
| ০৭ | দরপত্র সংগ্রহ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি |
| ০৮ | বাজেট এন্ড সোর্স | অনুন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত নং-১৩৭০১০১/১২০০০১৩০৮/৩৬৩১১০৩; গ্রামপুলিশদের পণ্য ও সেবা বাবদ সহায়তা খাত |
| ০৯ | দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান | ১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা (২) জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী |
| ১০ | দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিলের স্থান | ১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা (২) জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী |
| ১১ | (সময় সূচি — নিচে দেখুন) | |
| ১২ | দরপত্র সিডিউলের ক্রয় মূল্য (অফেরতযোগ্য) | <u>প্যাকেজ নং-১:</u> সিডিউলের মূল্য ১০০০/-(এক হাজার টাকা) এবং <u>প্যাকেজ নং-২:</u> সিডিউলের মূল্য ১০০০/-(এক হাজার টাকা) |
| ১৩ | দরপত্র উন্মুক্তকারী প্রতিষ্ঠানের নাম | জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী (জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ) |
| ১৪ | তফসিল-খ এ বর্ণিত মালামাল সরবরাহের মেয়াদ | কার্যাদেশ প্রদানের তারিখ হতে পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে |

১১ নং ক্রমিক:

| পর্যায় | | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| সময় সূচি | ১ম | **০২/০৫/২০২৩ তারিখ বিকাল ৩:০০ পর্যন্ত** | **০৩/০৫/২০২৩ তারিখ সকাল ৯:০০ হতে দুপুর ১২:০০ পর্যন্ত** | **০৭/০৫/২০২৩ তারিখ দুপুর ২:০০** | যে পর্যায়ে দরপত্র গৃহীত হবে তার পরবর্তী পর্যায়গুলো স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে |
| | ২য় | **১৪/০৫/২০২৩ তারিখ বিকাল ৩:০০ পর্যন্ত** | **১৫/০৫/২০২৩ তারিখ সকাল ৯:০০ হতে দুপুর ১২:০০ পর্যন্ত** | **১৬/০৫/২০২৩ তারিখ দুপুর ২:০০** | |
| | ৩য় | **২৩/০৫/২০২৩ তারিখ বিকাল ৩:০০ পর্যন্ত** | **২৪/০৫/২০২৩ তারিখ সকাল ৯:০০ হতে দুপুর ১২:০০ পর্যন্ত** | **২৫/০৫/২০২৩ তারিখ দুপুর ২:০০** | |

| তফসিল-"খ" | | |
|---|---|---|
| প্যাকেজ-০১ | | |
| সরবরাহযোগ্য মালামালের বিবরণ: | | |
| ক্রমিক | পোশাক ও অন্যান্য সরঞ্জামাদির বিবরণ | পরিমাণ |
| ১ | ফুল শার্ট (নীল রং) | ৩৭৪ টি |
| ২ | হাফ হাতা শার্ট (নীল রং) | ৩৭৪টি |
| ৩ | ফুল প্যান্ট (খাকি রং) | ৭৪৮টি |
| ৪ | শাড়ি | ৩০টি |
| ৫ | পেটিকোট | ৩০টি |
| ৬ | ব্লাউজ (শার্ট স্টাইল) | ৩০টি |
| ৭ | সোল্ডার ব্যাচ (দফাদারদের সোল্ডার ব্যাচ পারপেল কালার, Four Pointed Cross খাকি কালার, Four Pointed Cross এর মধ্যে দোয়েল, আকাশি রং এর রিবন এবং গ্রামপুলিশ লেখাটি সাদা রং এর হবে) | ৩৭ জোড়া |
| ৮ | সোল্ডার ব্যাচ (মহল্লাদারদের পারপেল কালার, আকাশি রং এর রিবন এবং গ্রামপুলিশ লেখাটি সাদা রং এর হবে) | ৩৫২ জোড়া |
| ৯ | রেইন কোট | ৩৮৯টি |
| প্যাকেজ-০২ | | |
| ১০ | কাপড়ের জুতা (মোজাসহ) | ৩৮৯ টি |
| ১১ | চামড়ার জুতা (মোজাসহ) | ৩৭৪ টি |
| ১২ | চামড়ার জুতা (মোজাসহ মহিলাদের জন্য) | ১৫টি |
| ১৩ | বেল্ট | ৩৮৯টি |
| ১৪ | নাম ব্যাজ | ৩৮৯টি |
| ১৫ | লায়নার বাঁশি | ৩৮৯টি |
| ১৬ | মাথার ক্যাপ মনোগ্রামসহ | ৩৮৯টি |

<u>দরপত্র দাখিলের শর্তাবলি-</u>

০১। দরপত্র খামের উপর "দফাদার ও মহল্লাদারদের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের দরপত্র" উল্লেখ পূর্বক সিলগালাযুক্ত থাকতে হবে;

০২। দাখিলকৃত দরপত্র জামানত হিসেবে উদ্ধৃত দরের কমপক্ষে ৩% যে কোন তফসিলি ব্যাংক থেকে ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে জেলা প্রশাসক, রাজবাড়ী-এর অনুকূলে দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে;

০৩। দরপত্রের সঙ্গে দরপত্রে উল্লিখিত সকল আইটেমের ১টি করে নমুনা দাখিল করতে হবে, অনুমোদিত নমুনার সাথে দাখিলকৃত নমুনার গরমিল থাকলে গ্রহণযোগ্য হবে না;

০৪। নির্বাচিত দরপত্রদাতা নির্দিষ্ট সময়ের মধ্যে সঠিক মানসম্পন্ন সমুদয় মালামাল সরবরাহে ব্যর্থ হলে বা দরপত্রের কোন শর্ত ভঙ্গ করলে তার কার্যাদেশ বাতিল এবং দাখিলকৃত জামানত কর্তৃপক্ষের অনুকূলে বাজেয়াপ্ত হবে;

০৫। দরপত্র দাতার (ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি ছবি (খ) জাতীয় পরিচয় পত্র (গ) হালনাগাদ ব্যবসায়িক ট্রেড লাইসেন্স (ঘ) টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন সনদ (ঙ) আয়কর পরিশোধের হালনাগাদ সনদ দাখিল করতে হবে;

০৫। কোনক্রমেই ত্রুটিপূর্ণ দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্র সিডিউল ও দাখিলকৃত দরপত্রের প্রতি পাতায় দরপত্রদাতাকে স্বাক্ষর করতে হবে;

০৬। কর্তৃপক্ষ মনে করলে অপেক্ষাকৃত নিম্নদর এবং গুণগতমান বিবেচনায় সরবরাহযোগ্য মালামাল সরবরাহের জন্য আংশিকভাবে আলাদা আলাদা ঠিকাদারকে কার্যাদেশ দিতে পারবে;

০৭। প্রত্যেক প্যাকেজের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করতে হবে;

০৮। দরপত্রের সকল কার্যাদি পাবলিক প্রকিউরমেন্ট আইন (পিপিএ), ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ মোতাবেক পরিচালিত হবে;

০৯। জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় রক্ষিত পোশাকের কাপড়ের নমুনা অনুযায়ী দরপত্রের সাথে নমুনা দাখিল করতে হবে। সরবরাহকৃত মালামালের বিল হতে সরকারি বিধি মোতাবেক আয়কর ও ভ্যাট কর্তন করা হবে। এ বিষয়ে সময়ে সময়ে জারিকৃত সরকারের বিধি-বিধান প্রযোজ্য হবে। এ জন্য কোন অতিরিক্ত পাওনা পরিশোধ করা হবে না;

১০। কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরপত্র দরদাতা অবহিত হওয়ার তিন দিনের মধ্যে NOA গ্রহণের পর ১০% হিসাবে **Performance Security** বাবদ অর্থ জেলা প্রশাসক, রাজবাড়ী-এর অনুকূলে জমা দেয়ার পর ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে শর্ত মোতাবেক পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ করা হবে মর্মে অঙ্গীকারনামা স্বাক্ষর করতে হবে;

১১। দরপত্রের সাথে ট্রেড লাইসেন্স, যে কোন তফশিলি ব্যাংক থেকে সলভেন্সি সার্টিফিকেট দরপত্র দাখিলের তারিখের পূর্ববর্তী ২৮ (আটাশ) দিনের মধ্যে কমপক্ষে ২৫(পঁচিশ) লক্ষ টাকার ব্যাংক স্থিতি এবং একই ধরনের কাজের অভিজ্ঞতার সনদপত্রের (সত্যায়িত) কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

১২। যদি দরপত্রে উল্লিখিত তারিখে কোন কারণবশত সরকারি ছুটি ঘোষিত হয় তবে ছুটির পরবর্তী কার্যদিবসে ধারাবাহিকভাবে অফিস চলাকালিন দরপত্রের শর্তানুযায়ী উক্ত কার্যক্রম গ্রহণ করা হবে;

১৩। সরবরাহকৃত মালামালের বিষয়ে যদি কোন আপত্তি না থাকে তবে বিল পরিশোধের ০৬(ছয়) মাস পরে জামানতের অর্থ ফেরত দেয়া হবে;

১৪। নির্বাচিত দরপত্র দাতাকে সকল দফাদার ও মহল্লাদারগণের পোশাকের মাপ সরাসরি গ্রহণ করে সঠিক মাপের পোশাক সরবরাহ করতে হবে। সরঞ্জামাদি সংগ্রহের পর তা জেলা পর্যায়ে গঠিত দরপত্র কমিটির মাধ্যমে পরীক্ষা-নিরীক্ষার জন্য প্রথমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। নমুনার সাথে জমাদানকৃত সরঞ্জামাদি মিলিয়ে দেখার পর জেলা দরপত্র কমিটি কর্তৃক গৃহীত হলে দরপত্র দাতা সকল মালামাল নিজ ব্যয়ে সংশ্লিষ্ট সকল উপজেলায় পৌঁছে দিবেন। এ জন্য পৃথক কোন পরিবহন বিল প্রদান করা হবে না;

১৫। দরপত্র সম্পর্কিত তথ্যাদি অফিস চলাকালিন সময়ে স্থানীয় সরকার শাখা থেকে জানা যাবে;

১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে এবং এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯/৪/২৩
আবু কায়সার খান
জেলা প্রশাসক
রাজবাড়ী
ফোন: ০২৪৭৮৮০৭৫৩৩
ই-মেইল: dcrajbari@mopa.gov.bd

নম্বর- ৪৬.০০.৮২০০.০১৮.০০২.০০৭.২৩.১২৬(১০০) তারিখ: ২৬ চৈত্র ১৪২৯ / ০৯ এপ্রিল ২০২৩

অনুলিপি : সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা

৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা। ১০(দশ) সেট সিডিউল বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। তাঁর কার্যালয়ে আগামী ০৭/০৫/২০২৩ তারিখে টেন্ডার বাক্স খোলা এবং প্রাপ্ত দরপত্র (যদি দাখিল করা হয়) মুখবন্ধ অবস্থায় বিক্রিত সিডিউলের অর্থসহ এ অফিস থেকে প্রেরিত বাহকের নিকট সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রচারের জন্য-

১-৬৩। জেলা প্রশাসক....................................(সকল)

৬৪। পুলিশ সুপার, রাজবাড়ী

৬৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজবাড়ী

৬৬-৭০। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/পাংশা/কালুখালী/বালিয়াকান্দি/গোয়ালন্দ, রাজবাড়ী

৭১-৭২। বিজ্ঞাপন ম্যানেজার, "দৈনিক যুগান্তর" ও "The Daily Observer" এবং স্থানীয় "দৈনিক মাতৃকণ্ঠ" (তাঁকে উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি আগামী ১১/০৪/২০২৩ তারিখের মধ্যে তার দৈনিক পত্রিকায় ১০"×৩" কলামে একদিন মূল সংস্করণে ভিতরের পাতায় প্রকাশপূর্বক ০৫(পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)

৭৩। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী (দরপত্র বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

৭৪। অফিস নথি

০৯/০৪/২০২৩
আসাদুজ্জামান রিপন
উপপরিচালক, স্থানীয় সরকার
রাজবাড়ী
ফোন-০২৪৭৮৮০৭৬৩৫